# ওয়ার্ড ২০১৩-এর কিছু ফিচার নিয়ে কাজ করা

লুৎফুন্নেছা রহমান

মাইক্রোসফট ওয়ার্ড বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ফিচারসমৃদ্ধ ওয়ার্ড প্রসেসিং প্রোগ্রাম। গত ত্রিশ বছর ধরে মাইক্রোসফট নিত্যনতুন সব আকর্ষণীয় ফিচার দিয়ে ওয়ার্ড প্রসেসরকে নিয়মিতভাবে আপডেট করে তার শীর্ষস্থান ধরে রেখেছে, যা মোটেও সহজ কথা নয়, বরং বলা যায় এক বিস্ময়কর ব্যাপার। মাইক্রোসফট ওয়ার্ড ২০১৩-কে আরও উন্নত করেছে বেশ কিছু মূল উপায়ে। এগুলোর মধ্যে অন্যতম হলো Read Mode ও এমবেডেড পিডিএফ এডিট। তবে নতুন এ ভার্সনের সব সংযুক্ত টুল, ইন্টারফেস অ্যাডজাস্টমেন্ট ও ফিচার শিফট করলেই যে এ প্রোগ্রাম ব্যবহার করা সহজ হয়েছে তা কিন্তু নয়। কিছু দৃষ্টিকোণ থেকে নতুন ওয়ার্ড ২০১৩-এর কিছু ফিচার হতবুদ্ধিকর এবং অন্যগুলো পুরোদস্তুর যন্ত্রণাদায়ক বলা যায়। এ লেখায় ওয়ার্ডের নতুন ভার্সনে পরিবর্তন হওয়া কিছু ব্যর্থ ফিচারসহ তার সহজ-সরল সমাধান দেয়া হলো।

## লাইভ লে-আউট কিছুটা মেকি

ওয়ার্ডের নতুন লে-আউট ফিচারকে মনে করা হয়েছিল ইমেজ ও অন্যান্য অবজেক্টকে পেজে বসানোর কাজকে সহজ করার জন্য সম্পৃক্ত করা হয়েছিল। এমনটি হলে ভালোই হতো, কেননা অনেক ভার্সনেই বিশ্বস্ত ইমেজ পজিশনিং সমস্যা রয়ে গেছে দীর্ঘদিন ধরে। দুর্ভাগ্যজনকভাবে ওয়ার্ড ২০১৩-এর লাইভ লে-আউট ফিচারটি এর প্রতিশ্রুতি অনুযায়ী তেমনভাবে ব্যবহারকারীদেরকে আকৃষ্ট করতে পারেনি। ওয়ার্ড ২০১৩ ব্যবহারকারীদের মধ্যে অনেকেই এ অভিযোগ করেন, প্রতিশ্রুতি অনুযায়ী এর ইমেজ কখনও কখনও ঠিক জায়গায় থাকে না যেখানে রাখা হয়। শুধু তাই নয়, মাঝে মাঝে ইমেজ জাম্প করে পরবর্তী পেজে চলে যায়। এ অবস্থার কোনো সহজ সমাধান নেই। একটি ইমেজকে যতদূর সম্ভব ড্র্যাগ করে নিয়ে এলে এটি সেখানেই থাকবে বেশিরভাগ সময়। তবে অনেকেই এ ওয়ার্ডের এ খেয়ালি আচরণকে এড়িয়ে যায় ও ওয়ার্ডের পুরনো ভার্সন ব্যবহার করতে থাকেন।

## অটোকারেক্ট ফিচারকে বিবেচনা করা হয় ক্লাটার হিসেবে

মাইক্রোসফট ওয়ার্ডের স্পেলিং এরর কনটেক্সট মেনু থেকে অটো কারেক্ট ফিচার অপসারণ করার সিদ্ধান্ত নেয়া হয় মাইক্রোসফটের পক্ষ থেকে, যা ছিল এক ভয়ঙ্কর আবেদন। মাইক্রোসফটের পক্ষ থেকে ওয়ার্ড ২০১০-এ যখন কোনো ভুল বানানে ডান ক্লিক করা হয়, তখন ওয়ার্ড বিকল্প বানান থেকে একটি বেছে নিতে বলে। এ ফিচারটি এখনও আছে, তবে ভুল বানান টাইপ করলে ওয়ার্ড প্রতিবার স্বয়ংক্রিয়ভাবে ফিক্স করে দেবে তা বেছে নেয়ার অপশন পাবেন না। এ প্রসঙ্গে মাইক্রোসফটের পক্ষ থেকে বলা হয়েছে, এ সুবিধা বাদ দেয়ার ফলে স্পেলিং এরর কনটেক্সট মেনু থেকে ক্লাটার কমিয়েছে। এর ফলে ব্যবহারকারীরা যেমন দ্রুতগতিতে জনপ্রিয় কমান্ড খুঁজে পেতে সহায়তা পাবেন, তেমনি মেনুগুলোকে স্ক্রিনে সুন্দরভাবে ফিট করতে পারবেন। মাইক্রোসফট বিনয়ের সাথে এ অপশনকেও নতুন স্পেলিং টাস্ক প্যান থেকে অপসারণ করে।

## অভিধানের কোনো প্রয়োজন নেই

একটি শব্দকে ওয়ার্ড ২০১৩-এর মধ্য থেকে অনুসন্ধান করতে চাইলে আপনাকে অবশ্যই প্রথমে একটি ডিকশনারি অ্যাপ ডাউনলোড করে নিতে হবে এবং দ্বিতীয়ত ইন্টারনেটের সাথে যুক্ত হতে হবে। এবারই প্রথম মাইক্রোসফট ওয়ার্ড ডিকশনারি ছাড়া যাত্রা শুরু করল। ওয়ার্ড ডকুমেন্ট থেকে কোনো শব্দ খোঁজ করার আগে আপনাকে ওয়ার্ড ডিকশনারির জন্য ডাউনলোড করে ইনস্টল করতে হবে ওয়েব সংযোগে একটি অ্যাপ। আর এটি করতে হবে মাইক্রোসফট অফিস স্টোর থেকে।

## জটিল কম্প্যাটিবল মোড

ওয়ার্ড ২০১৩-এ যখন কোনো ওয়ার্ডের কোনো পুরনো ভার্সন থেকে doc ফাইল ওপেন করা হয়, তখন ডকুমেন্ট টাইটেল বারে ফাইল নেমের পরে [Compatibility Mode] লেবেল আবির্ভূত হয়। আপনি একটি পুরনো ডকুমেন্টকে নতুন ওয়ার্ড ২০১৩ মোডে ও নতুন এক্সটেনশন docx ফরম্যাটে রূপান্তর করতে পারবেন। এ কাজটি অনাকাঙ্ক্ষিত হবে যদি ডকুমেন্টটি অন্য কোনো ফরম্যাটের হয়ে থাকে, বিশেষ করে ওই ব্যক্তিটি যদি ওয়ার্ডের পুরনো ভার্সনে কাজ করেন।

এ ক্ষেত্রে কোনো সুনির্দিষ্ট ফিচার কম্প্যাটিবিলিটি মোডকে ব্লক করে তা জানার জন্য আপনাকে অবশ্যই জানতে হবে ওয়ার্ডের কোন ভার্সন কম্প্যাটিবল। এটি খোজার জন্য File→Infor→Inspect Document→Cheek for lsseus-Cheek Compatibility অপশনে নেভিগেট করুন। এবার Select Versions-এ ক্লিক করলে আপনি যে ভার্সনে ডকুমেন্টটি তৈরি করেছিলেন তা চেক করবে। মাইক্রোসফট প্রসেস সম্পর্কে ব্যাপকভিত্তিক বিস্তারিত তথ্য প্রদর্শন করবে।

## কোলাবরেটিভ এডিটিংয়ে আকস্মিক গতি পরিবর্তন করা


ডকুমেন্টের কোলাবরেশন উন্নত করা হয়েছে ঠিকই, তবে তত উন্নত করা হয়নি। আপনি আপনার সহকর্মীদের সাথে ডকুমেন্ট শেয়ার করতে পারবেন ফাইলকে ই-মেইলের মাধ্যমে দেয়া-নেয়া করে। প্রথমে আপনার স্কাইড্রাইভ অ্যাকাউন্টে ডকুমেন্টকে সেভ করুন (ব্রাউজার থেকে অন্যদেরকেও আমন্ত্রণ করতে পারবেন)।

ওয়ার্ড ২০১৩ ডকুমেন্ট থেকে File→share-এ ক্লিক করুন। এখানে আপনি একগুচ্ছ অপশন পাবেন বেছে নেয়ার জন্য, যেখানে থাকবে ই-মেইলের মাধ্যমে স্বতন্ত্র ফাইল আমন্ত্রণ এবং ডকুমেন্ট শেয়ার করার জন্য অপশন, যেখানে পাবেন একটি ইউআরএল। Invite People বেছে নিন যাতে এক বা একাধিক ব্যক্তির নোট যুক্ত করা যায় ও তাদেরকে অনুমোদন করতে পারেন শুধু ভিউ করার জন্য কিংবা অনুমোদনকে এডিট করতে পারেন ■

*ফিডব্যাক : swapan52002@yahoo.com*

## ওয়ার্ডে পিডিএফ প্রকাশ করা

সৌভাগ্যের বিষয়, ওয়ার্ড ২০১৩-এ ব্যবহারকারীরা পাবেন এক পলিশ পিডিএফ। এর ফলে ব্যবহারকারীরা ওয়ার্ড ২০১৩-এ থেকে পিডিএফ ফাইল এডিট করতে পারবেন। সুতরাং পিডিএফ ফরম্যাটের ফাইলকে এডিট করার জন্য অ্যাডোবি অ্যাক্রোবেট সফটওয়্যারের জন্য বাড়তি খরচ করতে হবে না। ধরুন, আপনার প্রতিষ্ঠানের জন্য একটি বড় ড্রাফট ওয়ার্ড ফরম্যাটে প্রস্তুত করতে হবে, যা পিডিএফ ফরম্যাটে করা হয়েছে। এখন এ ড্রাফটের পিডিএফ ফাইল ওপেন করুন ওয়ার্ড ২০১৩-এ। এবার টোয়েক করুন টেক্সট, যুক্ত করুন একটি নতুন কভার ইমেজ।



বাস্তবতা হলো, যখন পিডিএফ ফাইলকে অন্য ফরম্যাটে রূপান্তর করা হবে, তখন ফরম এবং চার্ট সাধারণত ভেঙে যায় ও ফাইলের মূল ভার্সনের ফন্ট সেভাবে পিসিতে দেখা যায় না যেভাবে দেখা যাওয়ার কথা।